

## মনজিলুর রহমান এর ছড়া আমার বাড়ি

**ভূমিকাঃ** দীর্ঘদিন ধরে একজোড়া প্রেমিক-প্রেমিকার ই-মেইল এবং চ্যাটিং এর মাধ্যমে পরিচয় । হঠাৎ করে একদিন প্রেমিকা তার প্রেমিকের কাছে জানতে চাইলো বন্ধু তোমার বাড়ি কোথায় ? বন্ধু জবাব দিল, জন্মসূত্রে বাড়ি একটি ছিল এখনও তা আছে। পরবর্তীতে বাড়ি বেঁধেছি তোমার বৃকের মধ্যে। ঠিক হৃদপিণ্ডের মাঝখানে।এর পরেও জানতে চাও ? তাহলে বলছি ছন্দে ছন্দেঃ

বাগেরহাটে বাড়ি আমার  
কচুয়াতে হয় থানা,  
টেংরাখালি গ্রাম যে সেথা  
হয়তো তোমার নাই জানা।

খানজাহানের পূণ্যভূমি  
বাগেরহাট যার নাম  
ধান-সুপারি কাঁঠাল ফলে  
আরো ফলে আম।

খুলনা, মংলা শহর-বন্দর  
আছে আসে পাশে,  
সময় পেলে সখী তুমি  
দেখে যেও এসে।

রূপসা, ভৈরব শিবসা নদী  
বহে সেথা নিরবধি,  
পাল তুলিয়া ভেসে যাব  
সঙ্গী তুমি হওগো যদি।

আমার গাঁয়ে এসো সখী  
জানাই নিমন্ত্রণ,  
তোয়ায় নিয়ে হারিয়ে যাব  
গহীন সুন্দরবন।

আটলান্টা  
১২/১৩/১০